ঝিনাইদহে ক্যাবের আয়োজনে প্রতিবাদ, মানববন্ধন ও র্যালী

দুর্নীতিবাজ ব্যবসায়ীদের কারসাজিতে আলু পেঁয়াজসহ নিত্যপণ্যের অস্বাভাবিক মুল্যবৃদ্ধি ও আইনে নিষিদ্ধ খোলা বাজারে ভোজ্য তেল বিক্রির প্রতিবাদে ঝিনাইদহে মানববন্ধন কর্মসূচী পালিত হয়েছে।

আজ বুধবার সকালে শহরের পোস্ট অফিস মোড়ে এ কর্মসূচীর আয়োজন করে কনজুমারস এসোসিয়েশন অব বাংলাদেশ (ক্যাব)। এতে ব্যানার ফেস্টুন নিয়ে সংগঠনের নেতৃবৃন্দসহ নানা শ্রেণী পেশার মানুষ অংশ নেয়।

কর্মসূচীতে ক্যাবের সভাপতি আমিনুর রহমান টুকু, সাধারণ সম্পাদক শরিফা খাতুন, সদস্য এন এম শাহজালাল, কৃষিবিদ আহম্মেদ হোসেন, আব্দুল মজিদ, সাংবাদিক ও আইনজীবী আলাউদ্দিন আজাদ, চ্যানেলটোয়েন্টিফোর’র প্রতিনিধি সাদ্দাম হোসেন, বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের প্রতিনিধি শারমিন সুলতানাসহ অন্যান্যরা বক্তব্য রাখেন।

বক্তারা, আলু পেঁয়াজসহ নিত্যপণ্যের মুল্যবৃদ্ধিতে দুর্নীতিবাজ ব্যবসায়ীদের কারসাজি ও সিন্ডিকেটকে দায়ী করে দ্রুতই এদের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়ার দাবী জানান। সেই সাথে খোলা বাজারে ভোজ্য তেল বিক্রি আইনে নিষিদ্ধ হলেও তা অবাধে বিক্রি হচ্ছে যা দ্রুত বন্ধ করার দাবীও জানান।

এর আগে শহরের পুরাতন ডিসি কোর্ট চত্বর থেকে একটি র্যালী বের করা হয়। র্যালীটি শহরের বিভিন্ন সড়ক ঘুরে পোস্ট অফিস মোড়ে গিয়ে শেষ হয়। মানববন্ধন শেষে জেলা প্রশাসকের মাধ্যমে ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের মহাপরিচালকের বরাবর স্মারকলিপি প্রদাণ করা হয়।

ঝিনাইদহে উত্তম কৃষি চর্চা বিষয়ক কৃষক প্রশিক্ষণ

ঝিনাইদহে উত্তম কৃষি চর্চা নিয়ে কৃষকদের প্রশিক্ষণ প্রদাণ করা হয়েছে। আজ বুধবার সকাল থেকে দুপুর পর্যন্ত জেলা কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের সম্মেলন কক্ষে এ প্রশিক্ষণ প্রদাণ করা হয়।

এতে জেলা কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের উপ-পরিচালক ষষ্টী চন্দ্র রায়, জেলা প্রশিক্ষণ অফিসার (কৃষি) মোশাররফ হোসেন, অতিরিক্ত উপ-পরিচালক (শষ্য) আনিসুজ্জামান খান, অতিরিক্ত উপ-পরিচালক (উদ্যান) সেলিম রেজা, সদর উপজেলা কৃষি কর্মকর্তা নূর-এ-নবী, কৃষি সম্প্রসারণ অফিসার মীর রাকিবুল ইসলামসহ অন্যান্যরা উপস্থিত ছিলেন।

বিশ্বব্যাংকের সহযোগিতায় প্রোগ্রাম অন এগ্রিকালচারাল এন্ড রুরাল ট্রান্সফরমেশন ফর নিউট্রিশন, এন্টারপ্রেনরশিপ এন্ড রেসিলিয়েন্স ইন বাংলাদেশ (পার্টনার) প্রোগ্রামের আওতায় কৃষি সম্প্রসারণ অধিদপ্তর এ প্রশিক্ষণের আযোজন করে।

এতে সদর উপজেলার ২৫ জন কৃষক ও কৃষাণীকে মানব দেহের জন্য নিরাপদ ও গুনগত মান সম্পন্ন কৃষি ফসল উৎপাদন, বিপণনসহ পণ্যের ব্যান্ডিং নিয়ে প্রশিক্ষণ প্রদান করা হয়।

হরিণাকুণ্ডুতে ভ্রাম্যমান আদালতে তিন ব্যবসায়ীর জরিমানা

ঝিনাইদহের হরিণাকুণ্ডুতে গত দুইদিনে এক ভূষিমাল ব্যাবসায়ী ও দুজন ঔষধ বিক্রেতার নিকট থেকে ১০হাজার টাকা জরিমানা আদায় করেছেন ভ্রাম্যমান আদালতের নির্বাহী ম্যাজিষ্ট্রেট সহকারী কমিশনার (ভূমি) ঈষিতা আক্তার।

গতকাল মঙ্গলবার সকালে হরিণাকুণ্ডু বৈঠাপাড়া এলাকায় ঔষুধ বিক্রেতা

হাফিজূর রহমানের ছেলে শাহ আলম কে মেয়াদ উত্তীর্ণ ঔষুধ রাখা, ফিজিশিয়ান স্যাম্পল বিক্রয় সহ আনুমতি বিহীন বিদেশি ঔষধ রাখা ও বিক্রয়ের অপরাধে “ঔষুধ ও কসমেটিক আইন”২০২৩ সালের ৪০ এর ক,খ ও গ ধারায় ২ হাজার টাকা জরিমানা করছেন।

একই সময়ে তিনি হরিণাকুণ্ডু পৌর এলাকার বন্দে আলীর ছেলে ঔষুধ বিক্রেতা রাশেদুল ইসলাম কে ভ্রাম্যমান আদালতে একই অপরাধে ৩ হাজার টাকা জরিমানা করেছেন।

এসময় ঝিনাইদহ জেলা ঔষধ পরিদর্শক ইকরামূল করিম ও সহকারী কমিশনার (ভূমি) এর নাজির কাম ক্যাশিয়ার সুদ্বীপ অধিকারী উপস্থিত ছিলেন।

এছাড়াও আগের দিন পার্বতীপূর বাজারে পলিথিন ও পণ্যে প্লাস্টিক মোড়ক ব্যাবহারের অপরাধে মৃত নূর আলীর ছেলে ভূষিমাল ব্যাবসায়ী নজরুল ইসলাম কে ভ্রাম্যমান আদালতে ” পণ্যে পাটজাত মোড়কের বাধ্যতামূলক ব্যাবহার আইন-২০১০ এর ১৪ ধারায় ৫ হাজার টাকা জরিমানা করেছেন তিনি। এসময় ঝিনাইদহ জেলা পাট উন্নয়ন কর্মকর্তা কে এম আব্দুল বাকী ও সহকারী কমিশনার(ভূমি) এর নাজির কাম ক্যাশিয়ার সুদ্বীপ অধিকারী উপস্থিত ছিলেন।

উল্লেখ্য ভ্রাম্যমান আদালত চলাকালীন সময়ে সকল অপরাধীর কাছ থেকে অপরাধ করবেনা মর্মে মুচলেকা আদায় করেন এ নির্বাহী ম্যাজিস্ট্রেট ঈষিতা আক্তার।

ভ্রাম্যমান আদালত পরিচালনা কাজে হরিণাকুণ্ডু থানার পুলিশ সদস্যরা সার্বিক সহযোগিতা করেন।

ঝিনাইদহে শীতকালীন সবজি বাঁধাকপির বাম্পার ফলন

ঝিনাইদহ সদর উপজেলার হলিধানী ইউনিয়নের রতনপুর গ্রামের মাঠে উর্বর মাটি । এ মাটিতে যে ফসলই রোপণ করা হোকনা কেনো তার সর্বোচ্চ ফলন পান কৃষক। তাইতো শীতকালে আবহাওয়া অনুকূলে থাকায় আগাম

বাঁধাকপির বাম্পার ফলনের আশায় প্রহর গুনছেন কৃষকরা। অধিক ফলন ও লাভের আশায় দিনরাত ক্ষেত পরিচর্যায় ব্যস্ত সময় পার করছেন চাষিরা।

সরেজমিন ঘুরে দেখা যায়, রতনপুর গ্রামের মাঠে কৃষকরা বাঁধাকপি ক্ষেত নিড়ানি ও পরিচর্যার কাজে ব্যস্ত সময় কাটাচ্ছেন।

সদর উপজেলা কৃষি অফিস সূত্রে জানা যায়, এ মৌসুমে কৃষকরা টপিকসান প্লাস ও অটোম কুইন জাতের বাঁধাকপি চাষ করছেন। এদিকে চাষিরা বলছেন, কীটনাশকের দাম বৃদ্ধি, জমি চাষ, বীজ, সার, সেচ, শ্রমিক খরচসহ এবার প্রতি বিঘা জমিতে বাঁধাকপি চাষে খরচ হচ্ছে ৪০ থেকে ৪৫ হাজার টাকা। তবে চারা রোপনের প্রায় ৭০ থেকে ৭৫ দিনেই বাঁধাকপি বাজারজাত করা যায়। প্রতি পিস বাঁধাকপি ১৫ থেকে ৩০ টাকা দরে বিক্রি হচ্ছে।

জানা গেছে, বর্তমানে বাজারে বিভিন্ন প্রকার শীতকালীন সবজির দাম বেশি হওয়াই বাঁধাকপির কদর বেড়েছে। বাজারে ব্যাপক চাহিদা থাকায় বিক্রি করতেও বেগ পোহাতে হচ্ছেনা চাষিদের। পাইকারী দামে জমি থেকেই এসব সবজি ক্রয় করে তা স্থানীয় বিভিন্ন বাজারে বিক্রি করছেন।

সদর উপজেলার রতনপুর গ্রামের চাষি কামাল হোসেন বলেন, আগাম বাঁধাকপি চাষ লাভজনক হওয়ায় তিনি দুই বিঘা জমিতে বাঁধাকপি চাষ করছেন। বৈরী আবহাওয়ার কারণে দেরীতে হলেও অল্প দিনের মধ্যেই বাজারে বাঁধাকপি তুলতে পারবেন বলে জানান। তিনি আরও বলেন, স্থানীয়ভাবে চাহিদা মিটিয়ে পার্শ্ববর্তী জেলা মাগুরা, ফরিদপুর, গোপালগঞ্জ, ঢাকা, বরিশাল, চট্টগ্রামসহ দেশের বিভিন্ন জেলায় বাজারজাত করা হয়।

গোলজার হোসেন নামের একজন সফল চাষী বলেন, অধিক ফলন ও লাভের আশায় তিনি প্রতি বছরই জমিতে বাঁধাকপি চাষ করেন। কৃষি অফিসের পরামর্শে প্রতি বছরের ন্যায় এ বছরও বাঁধাকপি চাষে ঝুঁকেছেন। তবে বিগত বছরের তুলনায় এবার কীটনাশকের ডোজ দ্বিগুণ দিতে হয়েছে বলে জানান।

সবজি চাষী নয়ন মিয়া বলেন, শীতকালীন আবাদ আগাম চাষে বাজারে চাহিদা বেশী থাকায় দাম বেশি পাওয়া যায়। যে কারণে স্বল্প সময়ে সীমিত খরচে অধিক মুনাফা লাভের আশায় তিনি এবার ৪৫ শতক জমিতে বাঁধাকপি চাষ করেছেন। তবে এ বছর অত্যাধিক বৃষ্টিপাতের কারণে খরচের পরিমাণ কিছুটা বৃদ্ধি পেয়েছে বলে জানা যায়।

এ ব্যপারে ঝিনাইদহ সদর উপজেলা কৃষি কর্মকর্তা মো. নূর-এ-নবী বলেন, বাঁধাকপি একটি উচ্চ ফলনশীল জাতের সবজি হওয়ায় কৃষকেরা আগাম চাষাবাদে ঝুঁকেছেন। এতে তারা হয়ত ভালো লাভবান হবেন। তাছাড়া কৃষকদের উদ্বুদ্ধকরণে সার্বক্ষণিক ইউনিয়ন পর্যায়ে কর্মরত উপসহকারী কৃষি কর্মকর্তারা মাঠপর্যায়ে কারিগরি সহায়তা ও পরামর্শ দিয়ে যাচ্ছেন। পাশাপাশি কীটনাশকের দাম বৃদ্ধির বিবেচনায় কৃষকদের জৈব বালাইনাশক ব্যবহারের জন্য পরামর্শ ও দেয়া হচ্ছে। এছাড়াও তিনি ক্ষতিকর পোকামাকড়দের আক্রমণ রোধে ফেরোমন ফাঁদ ব্যবহারের পরামর্শ প্রদান করেন।

শিক্ষক নিবন্ধন সনদ ভুয়া, শাস্তির মুখে শিক্ষক আবুল খায়ের

শিক্ষক নিবন্ধন সনদ টেম্পারিং করে অন্যের সনদে নিজের নাম বসিয়ে ভুয়া সনদে চাকরি নিয়ে দীর্ঘ ১৪ বছর বেতন-ভাতা উত্তোলন করে আসছিলেন ঝিনাইদহের কোটচাঁদপুর উপজেলার সাফদারপুর মুনছুর আলী একাডেমি বিদ্যালয়ের সহকারী শিক্ষক (সমাজ বিজ্ঞান) আবুল খায়ের।

অবশেষে বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষের (এনটিআরসিএ) কাছে যাচাই-বাছাইতে ধরা পড়ে জাল-জালিয়াতির ঘটনা। গত ২৩ অক্টোবর ঝিনাইদহে এক শিক্ষকের বিরুদ্ধে ভুয়া সনদে চাকরির অভিযোগ বিভিন্ন জাতীয় পত্রিকায় প্রকাশিত হলে নড়ে চড়ে বসেন শিক্ষা অধিদপ্তরের কর্মকর্তাগণ।

ঝিনাইদহ জেলা শিক্ষা অফিসার আজহারুল ইসলামের নির্দেশে গত ২৯ অক্টোবর অভিযুক্ত শিক্ষক আবুল খায়েরের নিয়োগকালীন সকল কাগজপত্রসহ তার শিক্ষা নিবন্ধন সনদের কপি চেয়ে প্রতিষ্ঠানের প্রধান শিক্ষককে জেলা শিক্ষা অফিসে তলব করা হয়।

প্রধান শিক্ষক আমিন উদ্দীন অভিযুক্ত শিক্ষকের কাগজপত্র জেলা শিক্ষা অফিসে জমা দেন। জেলা শিক্ষা অফিসার কাগজপত্র দেখার পর তার

কাছে শিক্ষা নিবন্ধন সনদটি জাল বলে সন্দেহ হয়। এরপর তিনি ওই সনদ যাচাইয়ের জন্য এন-টিআরসিএতে পাঠান। যাচাই বাছাই শেষে গত ১৯ নভেম্বর এনটিআরসিএ থেকে আবুল খায়েরের সনদটি ভুয়া ও জাল উল্লেখ করে সহকারী পরিচালক (পরীক্ষা মূল্যায়ন ও প্রত্যয়ন-৩) সাইফুল ইসলাম প্রত্যয়নপত্র দেন। এনটিআরসিএ থেকে পাঠানো সাইফুল ইসলাম স্বাক্ষরিত সনদ যাচাইয়ের প্রতিবেদনে ২০০৮ সালের ৪র্থ শিক্ষক নিবন্ধন পরীক্ষার ১১৬১১৫৩০ রোল নম্বর সম্বলিত আবুল খায়েরের দাখিলকৃত প্রত্যয়নপত্রটির সাথে প্রতিষ্ঠানে সংরক্ষিত ফলাফলের মিল না থাকায় প্রত্যয়নপত্রটি জাল ও ভুয়া বলে প্রমাণিত হয়। জালিয়াতির আশ্রয় নিয়ে ভুয়া সনদে চাকরী নেয়ার অভিযোগে জাল নিবন্ধন সনদধারী শিক্ষকের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণসহ সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের পক্ষ থেকে থানায় মামলা দায়ের পূর্বক এনটিআরসিএ কর্তৃপক্ষকে জানানোর নির্দেশ দেয়া হয় ওই চিঠিতে।

উল্লেখ্য আবুল খায়ের ২০১০ সালে প্রধান শিক্ষক আমিন উদ্দিনের সাথে যোগসাজশ করে শিক্ষক নিবন্ধনের জাল সনদ দিয়ে কোটচাঁদপুর উপজেলার সাফদারপুর মুনছুর আলী একাডেমি বিদ্যালয়ে সহকারী শিক্ষক পদে যোগদান করেন।

ঝিনাইদহে সাইদুল করিম মিন্টুর ৫দিনের রিমান্ড মঞ্জুর

ঝিনাইদহ জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক সাইদুল করিম মিন্টু এবং ত্রাণ ও সমাজ কল্যাণ সম্পাদক কাজী কামাল আহমেদ বাবু ওরফে গ্যাস বাবুকে পৃথক দুটি হত্যা মামলায় ৫ দিনের রিমান্ড মঞ্জুর করেছে আদালত।

আজ মঙ্গলবার (৩ ডিসেম্বর) সকালে ঝিনাইদহ সিনিয়র জুডিশিয়ার ম্যাজিস্ট্রেট ঝিনাইদহ সদর আমলী আদালতের বিচারক রোমানা আফরোজ এ আবেদন মঞ্জুর করেন। সকালেই তাদেরকে ঝিনাইদহ সদর থানায় নিয়ে আসা হয়েছে।

২০১৩ সালের ১৯ ফেব্রুয়ারী ঝিনাইদহ শহরের হাটের রাস্তায় জামায়াত

নেতা আব্দুস সালাম নিহত হয়। এ ঘটনায় চলতি বছরের ২৬ আগস্ট জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক সাইদুল করিম মিন্টু, সাবেক সংসদ সদস্য শফিকুল ইসলাম অপুসহ ৭০ জনের নাম উল্লেখ্য সহ অজ্ঞাত আরো ২০০ জনের নামে সদর থানায় মামলা করে।

অপরদিকে ২০১৫ সালের ২৯ জুন জেলা শহরের গুলশানপাড়া এলাকায় তরিকুল ইসলাম নামে এক ব্যক্তিকে কুপিয়ে হত্যা করা হয়। এ ঘটনায় অজ্ঞাতনামাদের আসামী করে পুলিশের পক্ষ থেকে একটি হত্যা মামলা করা হয়। সিআইডির পক্ষ থেকে আদালতে সালাম হত্যা মামলায় ৭দিন ও তরিকুল হত্যা মামলায় ১০ দিনের রিমান্ডের আবেদন করা হলে তাদেরকে পুলিশ হেফাজতে রেখে জিজ্ঞাসাবাদের জন্য ৫দিনের রিমান্ড মঞ্জুর করা হয়।

উল্লেখ্য, ঝিনাইদহ জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক সাইদুল করিম মিন্টু এবং ত্রাণ ও সমাজ কল্যাণ সম্পাদক কাজী কামাল আহমেদ বাবু ওরফে গ্যাস বাবু ঝিনাইদহ-৪ আসনের সংসদ সদস্য আনোয়ারুল আজিম আনার কে কোলকাতার সঞ্জিভা গার্ডেনে হত্যার ঘটনায় হত্যা মামলায় আগে থেকেই গ্রেফতার হয়ে কারাগারে রয়েছে।

ঝিনাইদহে পণ্যের মুল্য নিয়ন্ত্রণে করণীয় বিষয়ক মতবিনিময় সভা

ঝিনাইদহে নিত্যপণ্যের মুল্য নিয়ন্ত্রণে করণীয় বিষয়ে মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে। কনজ্যুমার এসোসিয়েশন অব বাংলাদেশ (ক্যাব) এর আয়োজনে জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে সোমবার সকালে এ সভা অনুষ্ঠিত হয়।

ক্যাব সভাপতি আমিনুর রহমান টুকুর সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন জেলা প্রশাসক মোহাম্মদ আব্দুল আওয়াল।

বিশেষ অতিথি ছিলেন অতিরিক্ত জেলা প্রশাসক বকুল চন্দ্র কবিরাজ, জেলা কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের উপ-পরিচালক ষষ্টি চন্দ্র রায়,

ক্যাব সদস্য এন এম শাহজালাল, সনাক সভাপতি সাইফুল মাবুদ, ক্যাব সদস্য হাফিজুর রহমান, হাবিবুর রহমান, শিক্ষক আব্দুস সালাম, ক্যাব’র সমন্বয়কারী শরিফা খাতুন। অনুষ্ঠানে প্রবন্ধ উপস্থাপন করেন জেলা জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষন অধিদপ্তরের সহকারী পরিচালক নিশাত মেহের।

মতবিনিময় সভায় বক্তারা, মাঠ থেকে শুরু করে ভোক্তা পর্যায় পর্যন্ত সবজি পৌছাতে দাম বৃদ্ধির পেছনে নানা চক্র ও সিন্ডিকেটের কথা তুলে ধরেন। পাশাপাশি বাজার নিয়ন্ত্রনে তদারকি বৃদ্ধির পরামর্শ দেন। এরই প্রেক্ষিতে সাধারন ভোক্তাদের মতামতকে প্রাধান্য দিয়ে সে বিষয়ে বাজার নিয়ন্ত্রনে ব্যবস্থা নেওয়ার আশ^◌াস দেয় প্রশাসন।

শৈলকুপায় মোটরসাইকেলের ধাক্কায় পথচারী নিহত

ঝিনাইদহের শৈলকুপায় মোটরসাইকেলের ধাক্কায় ছবেদ আলী (৭০) নামের এক পথচারী নিহত হয়েছে।

আজ সোমবার (২ডিসেম্বর) সকালে উপজেলার ভান্ডারিপাড়া গ্রামে এ দুর্ঘটনা ঘটে। নিহত ছবেদ আলী উপজেলার ভান্ডারীপাড়া গ্রামের মৃত আক্কাস আলীর ছেলে।

স্থানীয়রা জানায়, বৃদ্ধ ছবেদ আলী বাড়ির পাশের স্কুলে নাতিকে পৌঁছে দিয়ে বাড়ি ফিরছিলেন। পথে বাড়ির সামনে পৌঁছালে ওই সড়কে চলা একটি দ্রুত গতির মোটরসাইকেল তাকে ধাক্কা দিলে রাস্তায় ছিটকে পড়ে গুরুতর আহত হয়। সেখান থেকে তাকে উদ্ধার করে শৈলকুপা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে গেলে চিকিৎসক তাকে মৃত ঘোষণা করেন।

শৈলকুপা থানার ওসি মাসুম খান বলেন, নিহতের লাশ উদ্ধার করে ময়নাতদন্তের জন্য সদর হাসপাতালের মর্গে পাঠানো হয়েছে।

কোটচাঁদপুরে কৃষকদলের সংবাদ সম্মেলন

কোটচাঁদপুর উপজেলার সদ্য গঠিত কৃষকদলের আহ্বায়ক কমিটি বাতিল ও জেলা কৃষকদলের আহ্বায়ক ওসমান আলী বিশ্বাসের সকল পদ থেকে অপসরনের দাবিতে সংবাদ সম্মেলন করেছেন উপজেলা কৃষকদল। আজ রবিবার বিকেলে স্থানীয় পোস্ট অফিস মোড়ের একটি কক্ষে এ সংবাদ সম্মেলন করেন দলটি।

সংবাদ সম্মেলনে লিখিত বক্তব্য পাঠ করেন, কোটচাঁদপুর উপজেলা বিএনপির সাহিত্য বিষয়ক সম্পাদক মোহাম্মদ আলী। এ সময় উপস্থিত ছিলেন, জেলা বিএনপির সহসভাপতি আবুবক্কর বিশ্বাস,জেলা বিএনপির সদস্য ও সাবেক উপজেলার ভাইস চেয়ারম্যান একরামুল হক,উপজেলা বিএনপির সাধারণ সম্পাদক লিয়াকত হোসেন, পৌর বিএনপির যুগ্ন সম্পাদক ও সাবেক পৌর কাউন্সিলর কামাল হোসেন, পৌর বিএনপির যুগ্ম সাধারণ সম্পাদক শামসুজ্জামান তুহিন।

তিনি অভিযোগ করে বলেন,গেল ০৬-১১-২০২৪ ইং তারিখে কোটচাঁদপুর প্রিজন ক্লাবের সামনে বাংলাদেশ জাতীয়তাবাদী কৃষক দলের কোটচাঁদপুর উপজেলা শাখার আহবায়ক কমিটি গঠনের লক্ষ্যে সভা অনুষ্ঠিত হয়। সভায় শতশত নেতা-কর্মী উপস্থিত ছিলেন।

এ সময় ঝিনাইদহ জেলা কৃষক দলের আহবায়ক ওসমান আলী বলেন, গেল ৫ই আগস্ট তারিখের পূর্বে যে সমস্ত নেতা-কর্মী হামলা মামলার শিকার হয়েছেন তাদেরকে কোটচাঁদপুর উপজেলা কৃষকদলের আহবায়ক কমিটিতে প্রাধান্য দেয়া হবে।

তিনি আরো বলেছিলেন, বাংলাদেশ জাতীয়তাবাদী দলের স্থানীয় নেতৃবৃন্দের সমন্বয়ে যে নিরপেক্ষ কমিটি গঠন করে দিবেন তিনি সেই কমিটি অনুমোদন করবেন। অথচ তিনি তা না করে গেল ২৮-১১-২০২৪ তারিখে স্থানীয় নেতৃবৃন্দের সুপারিশবিহীন বিহীন শুধুমাত্র আহ্বায়কের স্বাক্ষরিত উপজেলা কৃষকদলের আহ্বায়ক কমিটি গঠন করে দেন। যা সামাজিক যোগাযোগ মাধ্যমে দেখা যায়।

মোহাম্মদ আলী বলেন, আহ্বায়ক কমিটির শীর্ষ পদে যাদের নাম অন্তর্ভুক্ত করা হয়েছে, তাদের নামে ২০১৪ সাল হইতে একটি মামলাও হয়নি। এ ছাড়া ওই কমিটির আহ্বায়ক রফিকুল ইসলামের নামেও আওয়ামী দুঃশাসনের সময় কোন মামলা নাই বলে জানা গেছে। আর সদস্য সচিব আবুল কাসেম বাবু স্বৈরাচার সরকার ক্ষমতায় থাকাকালীন ৮ গ্রামের ইক্ষু সমবায় সমিতির জমি নিজের নামে রেস্ট্রি করে নেন বলে জনশ্রুতি আছে।

তিনি আরো বলেন,বাংলাদেশ জাতীয়তাবাদী দল বিএনপির সম্মানিত ভারপ্রাপ্ত চেয়ারম্যান জননেতা তারেক রহমানের নির্দেশ আছে দলের অভ্যন্তরে কোন দুর্নীতিবাজ এবং সুবিধাবাদীদের ঠাঁই নাই।

অথচ জেলা আহবায়ক সজ্ঞানে জননেতা তারেক রহমানের নির্দেশ অগ্রাহ্য করে শুধুমাত্র ব্যক্তি স্বার্থের কারণে দলের স্বার্থকে বিসর্জন দিয়েছেন। আমরা সংবাদ সম্মেলনের মাধ্যমে এই দুর্নীতিবাজ এবং বিশ্বাসঘাতক ওসমান আলীর জেলা কৃষক দলের আহবায়কের পদ থেকে অপসারণের দাবি জানাচ্ছি। সাথে সাথে কোটচাঁদপুরে সদ্য গঠিত আহবায়ক কমিটি বাতিলেরও দাবি করছি।

এ ব্যাপারে ঝিনাইদহ জেলা কৃষক দলের আহবায়ক ওসমান আলী বিশ্বাস বলেন, তারা আমার বিরুদ্ধে যে অভিযোগ তুলেছেন, সেটা সম্পূন্ন মিথ্যা ও ভিত্তিহীন। আমরা দল করতে এসেছি কারোর কাছ থেকে টাকা নেবার জন্য নয়। দলের পিছনে টাকা খরচ করতে। তিনি সাংবাদিকদের উদ্যেশে বলেন,আপনারা সমাজের দর্পন। আপনারা আমার সম্পর্কে খোঁজ নেন আমি কেমন মানুষ। বিগত দিনে দলের পিছনে নিজের লক্ষ লক্ষ টাকা ব্যয় করেছি তিনি আরো বলেন, আমি তো মূল দলের কেউ না। আমি সামান্য দলেন অঙ্গ সংগঠন করি। আমাকে মূল দলের নির্দেশনা অনুযায়ী কাজ করতে হয়। এখানে আমার একার কোন সিদ্ধান্ত গ্রহন যোগ্য নয়।

পরে দলের নেতা-কর্মীরা কোটচাঁদপুর পোস্ট অফিস মোড় থেকে কৃষক দলের ঝিনাইদহ জেলার আহবায়ক ওসমান আলী বিশ্বাসের দলীয় সকল পদ থেকে অপসারণ ও কোটচাঁদপুরের আহবায়ক কমিটি বাতিলের দাবিতে শহরে বিক্ষোভ মিছিল ও সমাবেশ করেন।

কোটচাঁদপুর ব্লাড ব্যাংকের নতুন কমিটি গঠন

“হাসি মুখে রক্তদান, বাঁচতে পারে লক্ষ প্রাণ” এই স্লোগানকে সামনে রেখে গত ৫ বছর যাবত কয়েক হাজার রক্তের চাহিদা পুরণসহ প্রতিনিয়ত অত্র এলাকার অসুস্থ রোগীদের বিনা মূল্যে রক্তের প্রয়োজন মিটিয়ে থাকে প্রতিষ্ঠানটি।

আজ শনিবার (৩০ নভেম্বর) সকাল ১১ টা থেকে দুপুর ১ টা পর্যন্ত কোটচাঁদপুর ব্লাড ব্যাংকের নতুন কমিটি গঠনের জন্য কোটচাঁদপুর সরকারি বালিকা মাধ্যমিক বিদ্যালয় কনফারেন্স হল রুমে এক সভার আয়োজন করা হয়।

১ বছর মেয়াদী নতুন কমিটির সভাপতি হোন শিক্ষক মোঃ মশিয়ার রহমান, সাধারণ সম্পাদক মোঃ আঃ আলিম ও অর্থ সম্পাদক হোন মোঃ মেহেদী হাসান। পরিচালনা পর্ষদ এর পরিচালক নির্বাচিত হোন সরকারী কেসি কলেজ ঝিনাইদহ এর অধ্যাপক মোঃ আলমগীর হোসাইন।

উক্ত অনুষ্ঠানে প্রধান অতিথী হিসেবে উপস্থিত ছিলেন অত্র স্কুলের প্রধান শিক্ষক মো: ইছাহক আলী।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, কোটচাঁদপুর সরকারি পাইলট হাইস্কুলের প্রধান শিক্ষক মো: মফিজুর রহমান (মফিজ), ব্যবসায়ী মো: সোহরাব হোসেন, ব্যবসায়ী মো: রবিউল ইসলাম (খোকন), নিউ লাইফ হাসপাতালের পরিচালক ডা. মো: হাসানুজ্জামান (জনি), সাংবাদিক ও মানবাধিকার কর্মি মোঃ রেজাউল করিম, সাংবাদিক মোঃ আশরাফুজ্জামান, সাংবাদিক মোঃ রোকনুজ্জামান, সংগঠনের পরিচালনা পর্ষদ পরিচালক মো: আলমগীর হুসাইন, মো: ওমর ফারুক, মো: আব্দুল, আলিম, এছাড়াও উপস্থিত ছিলেন উক্ত সংগঠনের শুভাকাঙ্ক্ষী ও স্বেচ্ছাসেবকবৃন্দ।